

ক্যাম্পাস সম্প্রসারণের দাবি গাজীপুরে ডুয়েট শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) শিক্ষার্থীরা ক্যাম্পাস সম্প্রসারণের জন্য জমি অধিগ্রহণের দাবিতে গতকাল বৃহস্পতিবারও শতম দিনের মতো পরীক্ষা এবং ক্লাস বর্জন অব্যাহত রেখেছে। এ প্রেক্ষিতে গতকাল দুপুরে ডুইট মহাপাঠ্য সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও গাজীপুর-১ আসনের সংসদ সদস্য এডভোকেট অকম মোজাম্মেল হক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এসে আন্দোলনরত ছাত্রদের সঙ্গে একাত্মতা ঘোষণা করেন। তিনি শিক্ষার্থীদের ক্রমে ফিরে যাওয়ার আহবান জানিয়ে বলেন, নিয়মতান্ত্রিক পদ্ধতিতে কার্যক্রম গ্রহণ করলে ক্যাম্পাস সম্প্রসারণের জন্য জমি পাওয়া সম্ভব।

বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে ডুয়েট ছাত্র সংগ্রাম পরিষদের আয়োজনে ডুইট অধিগ্রহণ বাস্তবায়ন সংক্রান্ত আন্দোলনসভায় সংসদ সদস্য এডভোকেট অকম মোজাম্মেল হক আরো বলেন, মাত্র ২৬ একর জমিতে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় কার্যক্রম চালাবে খুবই কঠিন। তিনি ছাত্রদের অধিকার আদায়ের সাথে সাথে অর্জনটাও ধরে রাখার আহ্বান জানান।

ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বায়ক আবদুল্লাহ আল মামুনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ সবদর আলী, অধ্যাপক ড. মোহাম্মদ অপারুজ্জামিন, ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. গণে চন্দ্র মাহা, শিক্ষক সমিতির সভাপতি ড. সিরাজুল হক যোদ্দা। এদিকে আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, তারা বিশ্ববিদ্যালয়ের জন্য জমি না পাওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবেন। আগামী রবিবার আন্দোলনের নতুন কর্নসূচি ঘোষণা করা হবে।